

২০১৭ সালের----- নং আইন

মহান স্বাধীনতা সংগ্রামের আদর্শ, বাঙালী সন্ত্রাও এতিহ্যের লালন, দেশপ্রেম ও মানবতাবোধ বিকাশে সাংস্কৃতিক চর্চার মাধ্যমে শিশুদের সুকুমার বৃত্তিসহ সামগ্রিক বিকাশের লক্ষ্যে Bangladesh Shishu Academy Ordinance, 1976 রহিতপূর্বক হালনাগাদ করিয়া উহা পুনঃপ্রণয়ন ও সংহত করিবার উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু Bangladesh Shishu Academy Ordinance, 1976 (Ordinance No. LXXIV of 1976) রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন ও সংহত করিবার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:** এই আইন বাংলাদেশ শিশু একাডেমি আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা :** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে;

ক) “একাডেমি” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিশু একাডেমি ;

খ) “বোর্ড” অর্থ একাডেমির ব্যবস্থাপনা বোর্ড ;

গ) “চেয়ারম্যান” অর্থ একাডেমির চেয়ারম্যান ;

ঘ) “মহাপরিচালক” অর্থ একাডেমির মহাপরিচালক ;

ঙ) “সদস্য” অর্থ ব্যবস্থাপনা বোর্ডের সদস্য ;

চ) “নির্ধারিত” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধানমালা দ্বারা নির্ধারিত;

ছ) “শিশু” বলিতে শিশু আইন ২০১৩ এ বর্ণিত শিশু ;

জ) “তহবিল” অর্থ একাডেমির তহবিল;

ঝ) “সামানিক ফেলো” অর্থ ধারা ৭ এ উল্লিখিত সামানিক ফেলো।

ট) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

ঠ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

৩। **একাডেমি প্রতিষ্ঠা ও সংস্থাভুক্তকরণ :**

(১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Bangladesh Shishu Academy Ordinance, 1976 এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিশু একাডেমি এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীনে প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) একাডেমি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে সরকারের

পূর্বানুমোদনক্রমে উহার অস্থাবর ও স্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং একাডেমি স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

- (৩) একাডেমির প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে। তবে সরকারের পূর্বানুমোদনক্রমে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে শাখা স্থাপন করা যাইবে।
- (৪) একাডেমির সকল বিভাগ ও শাখার দায়িত্ব ও কার্যাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

৪। সার্বিক পরিচালনা :

(১) একাডেমির বিষয়াবলি ও কার্যাবলির সার্বিক পরিচালনা একটি ব্যবস্থাপনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং একাডেমি যে সব ক্ষমতা প্রয়োগ করিতে বা যে সব কার্য ও বিষয় সম্পাদন করিতে পারিবে বোর্ড সেইসব ক্ষমতা প্রয়োগ এবং সেইসব কার্য ও বিষয় সম্পাদন করিবে।

(২) বোর্ডের কার্যপরিধি ও কার্যপ্রণালী আইনের অধীনে প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

৫। ব্যবস্থাপনা বোর্ড :

- (১) একাডেমি ব্যবস্থাপনা বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :-
- (ক) একাডেমির চেয়ারম্যান যিনি বোর্ডেরও চেয়ারম্যান হইবেন ;
(খ) মহাপরিচালক, বাংলা একাডেমি, পদাধিকার বলে মনোনীত ;
(গ) ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, পদাধিকার বলে মনোনীত ;
(ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১জন প্রতিনিধি, অতিরিক্ত সচিব(শিশু)/যুগ্মসচিব(শিশু) পদাধিকার বলে ;
(ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি ;
(চ) তথ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি ;
(ছ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি ;
(জ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি ;
(ঝ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি ;
(ঞ) শিশু কল্যাণ পরিষদের একজন প্রতিনিধি ;
(ট) শিশুদের কার্যাবলির উন্নতি বিধানে আঘাতী চার ব্যক্তি যাহাদের মধ্যে ২জন মহিলা, সরকার কর্তৃক মনোনীত হইবেন ;
(ঠ) একাডেমির মহাপরিচালক, বোর্ডের সদস্য-সচিব হইবেন, পদাধিকার বলে ।
- (২) পদাধিকারী সদস্য ব্যতীত অন্য কোন সদস্য তাঁহার মনোনয়নের তারিখ হইতে তিন বৎসরের জন্য সদস্যপদে বহাল থাকিবেন; তবে শর্ত থাকে যে, সরকার কোন কারণ না দর্শাইয়া যে কোন সময়

R

লিখিত আদেশ দ্বারা যে কোন সদস্যের সদস্যপদ বাতিল করিতে পারিবেন।

- (৩) কোন সদস্য ধারাবাহিক তিনটি সভায় অনুপস্থিত থাকিলে বা এক নাগাড়ে ছয় মাস বিদেশে অবস্থান করিলে তাঁহার সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে অবসান/বিলুপ্ত হইবে এবং তৎপরিবর্তে নতুন সদস্যকে মনোনয়ন প্রদান করিতে হইবে। তবে নতুন সদস্য মনোনীত না হওয়া পর্যন্ত ঐ পদটি শূন্য বলিয়া বিবেচিত হইবে।
- (৪) উপ-ধারা (১) এর দফা (ট) অনুসারে মনোনীত কোন সদস্য যে কোন সময় সরকারের নিকট লিখিত নোটিশযোগে তাঁহার পদে ইস্তফা দিতে পারিবেন; তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কোন ইস্তফা কার্যকর হইবে না।
- (৫) যদি কোন মনোনীত সদস্যের সদস্য পদে বহাল থাকিবার মেয়াদের মধ্যে বোর্ডের কোন আসন শূণ্য হয়, তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একজন নতুন সদস্য মনোনীত করিবে এবং এইরূপে মনোনীত সদস্য তাঁহার পুর্বসূরির অন্তিক্রান্ত সময়ের জন্য ঐ পদে বহাল থাকিবে।
- ৬। একাডেমির কার্যাবলি : বিশেষভাবে এবং পূর্ববর্তী বিধানের সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া, একাডেমির কার্যাবলি হইবে -
- (ক) শিশুদের সাংস্কৃতিক, বৈজ্ঞানিক ও বিনোদনমূলক কর্মতৎপরতার উন্নয়ন।
- (খ) শিশুতোষ সাহিত্য সৃষ্টি ও বিকাশ
- (গ) সিআরসি সনদের আলোকে শিশুর সুপ্ত প্রতিভা বিকাশ।
- (ঘ) একাডেমির পক্ষে ও একাডেমির জন্য তহবিল, জামানত (securities) এবং এইরূপ অন্য কোন দলিল এবং অন্য কোন অস্থাবর বা স্থাবর সম্পত্তি গ্রহণ করিতে পারিবে।
- (ঙ) একাডেমি উহার তহবিল বিনিয়োগ করিতে পারিবে এবং উপযুক্ত মনে করিলে বিনিয়োগসমূহ পরিবর্তন করিতে পারিবে।
- (চ) জামানতসমূহ (securities) ক্রয়-বিক্রয়, অনুমোদন, হস্তান্তর, বিনিয়য় করিতে কিংবা অন্য প্রকারে তৎসম্পর্কে ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।
- (ছ) সরকারের পূর্বানুমোদনক্রমে একাডেমির সম্পত্তিসমূহ জামানত, বন্ধক, মর্টগেজ বা অন্য প্রকারে দায়বদ্ধ করিতে পারিবে।
- (জ) একাডেমি প্রয়োজনে যেকোন চুক্তি ও প্রয়োজনীয় দলিল সম্পাদন করিতে পারিবে ; তবে শর্ত থাকে যে, সরকারের পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশি সরকার, বিদেশি সংস্থা কিংবা কোন আন্তর্জাতিক সংস্থার সহিত এইরূপ কোন চুক্তি বা কোন দলিল সম্পাদন করা যাইবে না।

৪

- (ঝ) একাডেমি গবেষণা কার্য চালাইতে এবং গবেষণা পত্র ও উপকরণাদি প্রকাশের ব্যবস্থা করিতে পারিবে।
- (ঞ) এই আইনের উদ্দেশ্যের অগ্রগতি সাধনের জন্য প্রয়োজনীয় এবং সহায়ক অন্যান্য কাজকর্ম চালাইতে পারিবে।
- (ট) শিশুদের সার্বিক উন্নয়নে বোর্ড সরকারের নিকট সুপারিশ করিতে পারিবে।

৭। সামানিক ফেলো :

- (১) শিশুর সামগ্রিক বিকাশ ও উন্নয়নে সম্পৃক্ষ ব্যক্তিকে ভাষা, সাহিত্য, সংস্কৃতি, বিজ্ঞান, শিল্পকলায় অথবা সামাজিক বিশেষ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মৌলিক অবদানের জন্য প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ‘বাংলাদেশ শিশু একাডেমি সামানিক ফেলো’ প্রদান করা যাইবে।
- (২) সামানিক ফেলো প্রদানের ক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্ত গ্রহণের পর চূড়ান্ত অনুমোদনের জন্য নিম্নরূপ কমিটির নিকট প্রেরণ করিতে হইবেঃ
- | | |
|---|--------------|
| (ক) মন্ত্রী/প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সভাপতি |
| (খ) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (গ) চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি | - সদস্য |
| (ঘ) মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি | - সদস্য |
| (ঙ) সরকার মনোনীত বোর্ডের ২(দুই) জন সদস্য | - সদস্য |
| (চ) অতিঃঃসচিব (শিশু)/যুগ্মসচিব(শিশু), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য সচিব |

৮। চেয়ারম্যান : একাডেমির একজন চেয়ারম্যান থাকিবেন, তিনি সরকার কর্তৃক নির্ধারিত শর্তে নিয়োগপ্রাপ্ত হইবেন। একই ব্যক্তি দুইবারের অধিক চেয়ারম্যান হিসেবে নিয়োগ পাইবেন না এবং তিনি সর্বোচ্চ পাঁচ বছর চেয়ারম্যান পদে থাকিতে পারিবেন।

৯। মহাপরিচালক ।- (১) একাডেমির একজন মহাপরিচালক থাকিবেন।

- (২) মহাপরিচালক সরকার কর্তৃক প্রেষণে অথবা চুক্তিভিত্তিক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরির শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।
- (৩) মহাপরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি বা অসুস্থতাহেতু বা অন্য কোন কারণে মহাপরিচালক দায়িত্ব অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহাপরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত পরিচালক মহাপরিচালকরূপে কার্য করিবেন।
- (৪) মহাপরিচালক একাডেমির সার্বক্ষণিক মুখ্য নির্বাহী কর্মকর্তা হইবেন এবং তিনি-
- (ক) বোর্ড কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করিবেন;
 - (খ) বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন;

(গ) একাডেমির প্রশাসন পরিচালনা করিবেন।

১০। অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীর্বন্দ ।-

- (১) একাডেমি উহার বিভাগগুলো পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে।
- (২) একাডেমির পরিচালক ও উহার অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও চাকুরী শর্তাদি প্রবিধান দ্বারা নির্ধারণ করা হইবে।
- (৩) একাডেমির কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন, পেনশন প্রবিধান প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১১। বোর্ডের সভা : বোর্ডের সভা আহবান, কোরাম গঠন, আসন শূন্যতা ইত্যাদি বিষয়াবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১২। একাডেমির তহবিল :

(১) একাডেমির একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নপ্রকার অর্থাদি জমা হইবে, যথা :-

(ক) সরকার প্রদত্ত অনুদান ও খণ্ড ;

(খ) বাংলাদেশে সংগৃহীত অনুদান ও খণ্ড ;

(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে বিদেশী সংস্থা হইতে খণ্ড, সাহায্য ও অনুদান ;

(ঘ) বিনিয়োগ ও সম্পত্তিসমূহ হইতে আয়; এবং

(ঙ) একাডেমির অন্যান্য প্রাপ্তি।

(২) এই আইনের আওতায় কার্যাবলি সম্পাদন বাবদ সকল ব্যয়ভার একাডেমির তহবিল হইতে সংকুলান করা হইবে।

(৩) একাডেমির সমূদয় অর্থ/তহবিল সিডিউলভুক্ত ব্যাংকে জমা রাখিতে হইবে।

১৩। খণ্ড করিবার ক্ষমতা : একাডেমি, সরকারের পূর্বানুমোদনক্রমে, খণ্ড গ্রহণ করিতে পারিবে।

১৪। একাডেমির হিসাব : সরকার যেইরূপ পদ্ধতি ও ধরণ নির্দেশ করিবে একাডেমি উহার হিসাব সেইরূপ পদ্ধতি ও ধরণে পরিচালনা করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

১৫। বাজেট : সরকার কর্তৃক ধার্যকৃত তারিখের মধ্যে একাডেমি সরকার নির্ধারিত ফরমে প্রত্যেক আর্থিক বৎসরের জন্য তাঁহার সম্ভাব্য আয়-ব্যয়ের হিসাব দেখাইয়া সরকারের অনুমোদনের জন্য একটি বাজেট পেশ করিবে।

- (গ) অধীন গৃহীত কোন কার্য বা ব্যবস্থা অনিষ্পত্ত বা চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পত্ত করিতে হইবে বা চলমান থাকিবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই; এবং
- (ঘ) অধীন নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে যে শর্তাধীনে চাকরিতে নিয়োজিত ছিলেন, এই আইনের বিধান অনুযায়ী পরিবর্তিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে একাডেমির চাকরিতে নিয়োজিত থাকিবে।

নাছিমা বেগম এনডিসি
সচিব

৪